



ISO 9001, ISO 14001 &  
OHSAS 18001 Certified

সভাপতি, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪

এবং

সচিব

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড  
এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০১৭ - ৩০ জুন, ২০১৮

## সূচিপত্র

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

উপক্রমণিকা

সেকশন-১ : কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্য এবং কার্যাবলি ।

সেকশন-২ : কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রা সমূহ ।



(Overview of the Performance of Comilla PBS-4)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা:**

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২ থেকে বিভাজিত হয়ে জুলাই'২০১৫ থেকে আলাদাভাবে কার্যক্রম শুরু করে। জুলাই'২০১৫ মাসে কাগজে কলমে বিভাজিত হলেও কুমিল্লা পবিস-৪ নিজস্ব লোকবল দ্বারা প্রকৃতপক্ষে সেপ্টেম্বর'২০১৫ মাস থেকে আলাদাভাবে কার্যক্রম শুরু করে।

● **সাম্প্রতিক বছরসমূহের (দেড় বছর) প্রধান অর্জনসমূহ:**

কুমিল্লা জেলার লাকসাম, মনোহরগঞ্জ ও নাঙ্গলকোট উপজেলার সমন্বয়ে ৬৪৮ বর্গ কিঃমিঃ এলাকা নিয়ে কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ গঠিত। বর্তমান সরকারের রূপকল্প-২০২১ বাস্তবায়নের অংশ হিসাবে ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার লক্ষ্যে কুমিল্লা পবিস-৪ নিরলস ভাবে কাজ করে যাচ্ছে। গ্রামীন জনগোষ্ঠীর অর্থনৈতিক উন্নয়ন ও জীবনযাত্রার মানোন্নয়নের লক্ষ্যে এপ্রিল'২০১৭ খ্রিঃ পর্যন্ত নির্মিত ৩১৬৭.১১ কিঃ মিঃ বৈদ্যুতিক লাইন নির্মান সম্পন্ন করা হয়েছে। এপ্রিল'২০১৭ খ্রিঃ পর্যন্ত ১,৫৫,৩০৫ জন বিভিন্ন শ্রেণীর গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে। অত্র পবিসের ০২টি (লাকসাম ২০ এমভিএ এবং নাঙ্গলকোট ১৫ এমভিএ) উপকেন্দ্র দ্বারা যাত্রা শুরু করেছিল, বর্তমানে ০১ টি উপকেন্দ্র নতুন (মনোহরগঞ্জ পরানপুর, ১০ এমভিএ) এবং নাঙ্গলকোট ১৫ এমভিএ উপকেন্দ্রটি ২৫ এমভিএতে উন্নীত করে বর্তমানে মোট স্থাপিত ক্ষমতা ৫৫ এমভিএ। ইতিমধ্যে ইউ আর ই ডি এস প্রকল্পে (বিশ্বব্যাংক অর্থায়নে) নাঙ্গলকোট উপজেলায় বাংগডা নামক স্থানে ২০ এমভিএ উপকেন্দ্র নির্মান কাজ দ্রুত এগিয়ে যাচ্ছে। উক্ত উপকেন্দ্রটির নির্মাণ কাজ সম্পন্ন হলে পবিস এর মোট স্থাপিত ক্ষমতা হবে ৭৫ এমভিএ। অত্র পবিসের জাঙ্গালিয়া-নাঙ্গলকোট ৩৩ কেভি ফিডারটির নির্মাণ কাজ বেশীর ভাগ অংশের কাজ শেষ হলেও শেষাংশের কাজ এখনও বাকি আছে (বিশ্বরোড থেকে জাঙ্গালিয়া পর্যন্ত ১.৫ কিঃ মিঃ)। উক্ত অংশ নির্মিত হলে নাঙ্গলকোট উপকেন্দ্র-১ (ঢালুয়া) কে কুমিল্লা পবিস-১ এর ৩৩ কেভি ট্যাপিং থেকে আলাদা করা যাবে। উক্ত কাজ জরুরী ভিত্তিতে সম্পন্ন করা প্রয়োজন। বর্তমানে অত্র পবিস এর ৩৩ কেভি লাইন ওভারলোড মুক্ত আছে। ফলে বিগত ১৫-১৬ অর্থ বৎসরের তুলনায় ৩৩ কেভি লাইন লস গ্রহণযোগ্য পর্যায়ে আছে। ফলে ইতিমধ্যেই সিস্টেম লস ২৪.৩৪ % হতে হ্রাস পেয়ে ১৪.৫৪% উন্নীত হয়েছে, ফলে অত্র পবিস এর সিস্টেম লস পিটিএ এর টার্গেট এর মধ্যে আছে। চলমান আপগ্রেডেশন কাজ সম্পন্ন হলে সিস্টেম লস আরও হ্রাস পাবে এবং সিঙ্গেল ডিজিটে আনা সম্ভব হবে। গত অর্থ বৎসরে বকেয়া মাস ১.৭২ ছিল। চলতি অর্থ বৎসরে এপ্রিল'২০১৭ পর্যন্ত বকেয়ার মাস ১.৭৫ আছে। চলতি অর্থ বৎসরে বকেয়া মাস টার্গেট এর মধ্যে আনার আশ্রয় চেষ্টা চলছে। আশা করা যায় জুন/২০১৭ ইং এর মধ্যে নির্দিষ্ট টার্গেট অর্জন করা সম্ভব হবে।

অত্র পবিসের ০৩ টি উপজেলার মধ্যে নাঙ্গলকোট উপজেলা সেপ্টেম্বর/২০১৭ এর মধ্যে বাকি ০২ টি উপজেলা আগামী ডিসেম্বর/২০১৭ এর মধ্যে ১০০% বিদ্যুতায়নের সময় নির্ধারণ করা আছে। নির্দিষ্ট সময়ের মধ্যে ১০০% উপজেলা বিদ্যুতায়নের নিমিত্তে কাজ অব্যাহত আছে।

● **সমস্যা এবং চ্যালেঞ্জ সমূহ :**

অত্র পবিসের আওতায় দ্রুত গ্রাহক সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। সেই সাথে গ্রাহকের বিদ্যুতের চাহিদা (ব্যবহৃত লোড) বৃদ্ধি পাচ্ছে। অত্র পবিসের পিক লোড ৪১ মেঃ ওঃ। এ পর্যন্ত ভারত থেকে আমদানীকৃত বিদ্যুৎ থেকে চাহিদার সম্পূর্ণটাই কুমিল্লা দক্ষিণ (জাঙ্গালিয়া) গ্রীড থেকে সরবরাহ পাওয়া যাচ্ছে ফলে এ পর্যন্ত চাহিদা অনুযায়ী গ্রাহক প্রাপ্তে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হচ্ছে। চাহিদা অনুযায়ী বিদ্যুৎ সরবরাহ পাওয়া গেলেও উপকেন্দ্র সমূহ ৩৩ কেভি লাইন ওভারলোড না থাকলেও বর্তমানে লাকসাম উপকেন্দ্রের ০১ টি ও নাঙ্গলকোট উপকেন্দ্রের ০২ টি ১১ কেভি ফিডার ওভারলোড আছে। ফিডার ওভারলোড সমস্যা সমাধানের জন্য একাধিক নতুন ফিডার তৈরীর জন্য বিওকিউ তৈরীপূর্বক নির্মানের জন্য প্রকল্প বিভাগে প্রেরন করা হয়েছে। ইতিমধ্যে পবিসে নিয়োজিত মিনি ঠিকাদার দ্বারা একাধিক স্পটে সিস্টেম আপগ্রেডেশন এর আওতায় নির্মাণ কাজ সম্পন্ন করা হচ্ছে।

তাছাড়া অত্র পবিসের ৩০৭৬.৬১ কিঃ মিঃ দীর্ঘ বিদ্যুতায়িত লাইন রয়েছে। লাইন সমূহ গাছপালা সমৃদ্ধ গ্রামীণ এলাকায় ফলে রাইট অবওয়ে সমস্যা থাকে। সবসময় রাইট অবওয়ে অপসারণ করা হলেও দুর্ঘ্যোগপূর্ণ আবহাওয়া বিদ্যুৎ ব্যবস্থা সচল রাখা পবিসের জন্য একটা বড় চ্যালেঞ্জ। শতভাগ বিদ্যুতায়নের লক্ষ্যে আর্থিকভাবে অস্বচ্ছল অত্র পবিস এর ক্ষেত্রে পিডিবি, পিজিসিবির বিল ও অন্যান্য ব্যয় নির্বাহের পর ট্রান্সফরমার, মিটার, সার্ভিস ড্রপ ও অন্যান্য রক্ষণাবেক্ষণ মালামাল নগদ মূল্যে ক্রয় করে সার্ভিস প্রদান করাও অত্র পবিসের জন্য একটা বড় সমস্যা। ৮৯% আবাসিক গ্রাহক বিধায় প্রতি ইউনিট বিদ্যুৎ বিক্রি করে গড়ে ১.০১ টাকা লোকসান গুনতে হচ্ছে।

● **ভবিষ্যৎ পরিকল্পনা :**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি অনুযায়ী ঘরে ঘরে বিদ্যুৎ সুবিধা পৌঁছানো এবং নিরবচ্ছিন্ন ও মানসম্পন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য আগামী ডিসেম্বর'২০১৭ এর মধ্যে শতভাগ বিদ্যুতায়ণ করা হবে। গ্রাহকগণের চাহিদা পূরণের লক্ষ্যে নাঙ্গলকোট উপজেলা সদরে ০১ টি ১০ এমভিএ, লাকসাম উপজেলাধীন মোদাফফরগঞ্জ ইউনিয়নে ০১টি ১০ এমভিএ এবং মনোহরগঞ্জ উপজেলাধীন খিলা ইউনিয়নের ০১ টি ১০ এমভিএ উপকেন্দ্র নির্মানের পরিকল্পনা আছে। উপকেন্দ্র সমূহ যথাক্রমে শতভাগ বিদ্যুতায়ন কার্যক্রম প্রকল্পের অন্তর্ভুক্ত আছে। ফেনী গ্রীড উপকেন্দ্র থেকে ১.৫ কিঃ মিঃ আন্ডার গ্রাউন্ড ক্যাবল এবং ২২ কিঃ মিঃ ওভারহেড ৩৩ কেভি লাইন নির্মানের মাধ্যমে নাঙ্গলকোট উপকেন্দ্র বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা গ্রহন করা হয়েছে। উক্ত লাইন নির্মিত হলে নাঙ্গলকোট এলাকায় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ, সিস্টেম লস হ্রাস এবং একাধিক সোর্স থেকে বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত হবে। তাছাড়া নোয়াখালী গ্রীড থেকে পরানপুর উপকেন্দ্রকে বিদ্যুতায়নের জন্য ২১ কিঃ মিঃ ৩৩ কেভি লাইন বাপবিবোর্ডেও এসইএন্ডডি পরিদপ্তর কর্তৃক অনুমোদন লাভ করেছে।

আগামী ২০১৯ সালের মধ্যে লাকসাম উপজেলা পিজিসিবি কর্তৃক ০১ টি ২\*৫০\*৭৫ এমভিএ উপকেন্দ্র নির্মিত হবে। এছাড়া চৌদ্দগ্রাম উপজেলায় ০১ টি গ্রীড নির্মাণ কাজ শুরু হয়েছে। ঢালুয়া উপকেন্দ্র থেকে চৌদ্দগ্রাম গ্রীড পর্যন্ত ৩৩ কেভি লাইন নির্মাণের পরিকল্পনা রয়েছে।

উপকেন্দ্র, ৩৩ কেভি এবং ১১ কেভি ফিডার সমূহ আপগ্রেড এবং নির্মিত হলে অত্র পবিসের সিস্টেম লস সিঙ্গেল ডিজিট এ আনা সম্ভব। এতে পরিকল্পনা মার্কিন সম্পন্ন হতে আগামী ০২ বৎসর লাগতে পারে।

**২০১৭-১৮ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জন সমূহ:**

- ০১। অত্র পবিসের আওতাধীন তিনটি উপজেলা অর্থাৎ সম্পূর্ণ ভৌগলিক এলাকায় শতভাগ বিদ্যুতায়ন সম্পন্ন করা।
- ০২। ০৪ টি ৩৩/১১ কেভি বিদ্যুৎ উপকেন্দ্র নির্মান সম্পন্ন করা, ০৩। পবিসের আর্থিক সক্ষমতা বৃদ্ধি।
- ০৪। বকেয়া মাস ১.৩৫ অর্জন করা, ০৫। মনোহরগঞ্জ উপকেন্দ্রটি ১০এমভিএ থেকে ২০ এমভিএতে উন্নীতকরন।

## উপক্রমণিকা (Preamble)

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড ও এর আওতাধীন পবিসসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ কে প্রদত্ত বার্ষিক কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে

সভাপতি, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪

এবং

সচিব

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

এর মধ্যে ২০১৭ সালের জুন মাসের ১৫ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:



## সেকশন ১:

কুমিল্লা পবিস-৪ এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision): কুমিল্লা পবিস-৪ এর আওতাধীন সকল জনগনকে গুণগতমানের বিদ্যুৎ সরবরাহ করা।

১.২ অভিলক্ষ্য (Mission): জুন/২০১৮ সালের মধ্যে অত্র পবিসের আওতাধীন সমগ্র জনগোষ্ঠীকে (প্রতিটি ঘরে) বিদ্যুৎ সুবিধা পৌঁছে দেওয়া।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

- ০১। বিদ্যুৎ বিতরণ খাতের উন্নয়ন।
- ০২। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সেবা প্রদান।
- ০৩। বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠী বৃদ্ধি।
- ০৪। আর্থিক সক্ষমতা অর্জন।

#### ১.৩.১ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহঃ

- ০১। দক্ষতার সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা।
- ০২। কর্মপদ্ধতি ও সেবার মানোন্নয়ন।
- ০৩। দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন।
- ০৪। কর্ম পরিবেশ উন্নয়ন।
- ০৫। তথ্য অধিকার ও সপ্রনোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা।
- ০৬। আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

### ১.৪ কার্যাবলি (Functions):

- ০১। বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদা পূরণের লক্ষ্যে পরিকল্পিতভাবে বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা সম্প্রসারণের মাধ্যমে অত্র পবিসের আওতাধীন সকল জনগোষ্ঠীকে বিদ্যুৎ সেবার আওতায় আনয়ন।
- ০২। কারিগরী উন্নয়নের মাধ্যমে সিস্টেম লস হ্রাসকরণ।
- ০৩। বিদ্যুৎ ব্যবহারে গ্রাহকগনকে মিতব্যয়ী করা এবং উৎপাদনমুখী কাজে বিদ্যুৎ ব্যবহারে উদ্বুদ্ধকরণ।
- ০৪। অত্র পবিসের এলাকায় শতভাগ বিদ্যুতায়নের মাধ্যমে গ্রামের মানুষের জীবনযাত্রার মানোন্নয়ন।
- ০৫। পবিসের আয় বৃদ্ধি ও ব্যয় সংকোচনের ব্যবস্থা করা।
- ০৬। নতুন গ্রাহক সংযোগ সহজীকরণ।
- ০৭। বৈদ্যুতিক লাইন নিয়মিত রক্ষনাবেক্ষন ও মেরামত করা।
- ০৮। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের পথস্বত্ব মুক্তকরণ।
- ০৯। গ্রাহকের অভিযোগ দ্রুততম সময়ের মধ্যে নিরসন করা।
- ১০। বকেয়া আদায় করা এবং আর্থিক সক্ষমতা বৃদ্ধি করা।
- ১১। সর্বক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের মাধ্যমে সুষ্ঠু কর্মপরিবেশ ও সুশাসন প্রতিষ্ঠা।
- ১২। সকল ক্ষেত্রে শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন।
- ১৩। ডিজিটাইজেশন ও অটোমেশনের মাধ্যমে উত্তম সেবা নিশ্চিত করণ।

*Handwritten signature*

*Handwritten signature*

সেকশন-২

কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ  
কুমিল্লা পবিস-৪

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objective)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ (Target /Criteria Value for FY 2017-18)					প্রক্ষেপণ (Projection)	প্রক্ষেপণ (Projection)
						২০১৫-১৬	২০১৬-১৭* ডিসেম্বর '১৬ পর্যন্ত	অসাধারণ	অতিউত্তম	উত্তম	চলতিমান	চলতিমানের নিম্নে		
						১০০%	৯০%	৮০%	৭০%	৬০%				
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ														
			1. System Loss (Grid Meter) [ % ] (w/o resale)	%	২৮	২০.০৩%	১৫.৬২%	১৩.০০%	১১.৭০%	১০.৪০%	৯.১০%	৭.৮০%		
			2. Accounts Receivable (Months) (without GOB rebate & resale)	Month	১৪	১.৭৫	১.৬৬	১.৩৫	১.২২	১.০৮	০.৯৫	০.৮১		
			3. Collection Bill(CB) Ratio (%) (without GOB rebate & resale)	%	১	৯৬.৬৪%	৯৫.৬০%	৯৯.০০%	৮৯.১০%	৭৯.২০%	৬৯.৩০%	৫৯.৪০%		
			4. Collection Import (CI) Ratio (%) (w/o rebate & resale)	%	১	৭৬.৮১%	৮০.৬৭%	৮৬.১৩%	৭৭.৫২%	৬৮.৯০%	৬০.২৯%	৫১.৬৮%		
			5. Recovery of amounts written=off	%	১	-	০.০০%	৫.০০%	৪.৫০%	৪.০০%	৩.৫০%	৩.০০%		
			6. Payment of debt service liability (Tk' 000)	Tk	৭	-	-	৫০,০০০	৪৫০০০	৪০০০০	৩৫০০০	৩০০০০		
			7. O & M EXP. (EX. PC , Depre. Int. & Pro. Uncoll. AMT.)(TK) / Kwh Sold (w/o resale)	Tk	২	১	১.০৯	১.৩০	১.১৭	১.০৪	০.৯১	০.৭৮		
			8. Rev. / KM of Line w/o resale (TK)' 000	Tk	১	২৩৬	১৩৯	২৫০	২২৫	২০০	১৭৫	১৫০		
			9. Ratio of inspection & maintenance of Distri. line against Ener. line (KM)	%	১	২৭.৪৫%	২০.০০%	২৫.০০%	২২.৫০%	২০.০০%	১৭.৫০%	১৫.০০%		
			10. Ratio of Damaged & repairable Transformer (no.) against total installed Transformer (no.)	%	১	৭.৮৯%	৫.০১%	৪.০০%	৩.৬০%	৩.২০%	২.৮০%	২.৪০%		
			11. Percentage of Damaged Transformer repaired	%	১	৭%	৮৬%	১০০%	৯০.০০%	৮০.০০%	৭০.০০%	৬০.০০%		
			12. Ratio of connected consumer (over 90 days) against service in place - (Except irrigation)	%	২	১২.৯৮%	১৬.৯০%	৩.০০%	২.৭০%	২.৪০%	২.১০%	১.৮০%		
			13. Store Management Performance:						০.০০%	০.০০%	০.০০%	০.০০%		
			a. Physical Inventory of all Stores under PBS (2016-17)	%	১	১০০%	১০০%	১০০%	৯০.০০%	৮০.০০%	৭০.০০%	৬০.০০%		
			b. Timely Closeout of Mini & Force Work Order	%	১	৮০%	৮০%	৮০%	৭২.০০%	৬৪.০০%	৫৬.০০%	৪৮.০০%		
			14. Maintenance and Up-gradation of equipment record card (ERC)	%	২	৩০%	৩৫%	১০০%	৯০.০০%	৮০.০০%	৭০.০০%	৬০.০০%		

*Handwritten signature*

*Handwritten signature*

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objective)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ (Target /Criteria Value for FY 2017-18)					প্রক্ষেপণ (Projection)	প্রক্ষেপণ (Projection)
						২০১৫-১৬	২০১৬-১৭*	অসাধারণ	অতিউত্তম	উত্তম	চলতিমান	চলতিমানের নিম্নে		
							ডিসেম্বর ১৬ পর্যন্ত	১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
			15.Improvement of Power Factor		১	০.৯৩	০.৯৩	০.৯২	০.৮৩	০.৭৪	০.৬৪	০.৫৫		
			16. Action on Meter Report	%	১	১০০%	০	১০০%	৯০.০০%	৮০.০০%	৭০.০০%	৬০.০০%		
			17. Average Training hour per Employee (Hours)	Hour	২	৫৪	২৮	৭৫	৬৭.৫০	৬০.০০	৫২.৫০	৪৫.০০		
			18. Implementation of Annual Development Program (Issuance of Staking Sheet)	%	১	১০৪%	১২০%	১০০%	৯০.০০%	৮০.০০%	৭০.০০%	৬০.০০%		
			19. Timeliness to attend Consumer's complain	%	১	১০০%	১০০%	১০০%	৯০.০০%	৮০.০০%	৭০.০০%	৬০.০০%		
			20. System Average Interruption Duration Index (SAIDI)	Minute	২	১৬৫০	৭৫০	১৫০০	১৩৫০	১২০০	১০৫০	৯০০		
			21. System Average Interruption Frequency Index (SAIFI)	Times	২	১৫০.০০	৭১	৭৮	৭০.২০	৬২.৪০	৫৪.৬০	৪৬.৮০		
			22.% of overloaded Transformer	%	২	৮%	৮%	২.০০%	১.৮০%	১.৬০%	১.৪০%	১.২০%		
			23.% of New Connected Consumers	%	৩	৮৯%	১৩৪%	১০০%	৯০.০০%	৮০.০০%	৭০.০০%	৬০.০০%		
			24.Accounts Payable	Month	১		১.৯৬	১.০০	০.৯০	০.৮০	০.৭০	০.৬০		

R1516



মাঠ পর্যায়ের কার্যালয়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ  
(মোট নম্বর-২০)

কলাম-১ কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কলাম-২ কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives)	কলাম-৩ কার্যক্রম (Activities)	কলাম-৪ কর্মসম্পাদন সূচক (Performance Indicator)	একক (Unit)	কলাম-৫ কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI)	কলাম-৬ দক্ষতার মান -২০১৭-১৮ (Target Value -2017-18)				
						অসাধারণ (Excellent)	অতি উত্তম (Very Good)	উত্তম (Good)	চলতি মান (Fair)	চলতি মানের নিম্নে (Poor)
দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন	৪	২০১৭-১৮ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল	নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রণালয়/বিভাগে দাখিলকৃত	তারিখ	১	১৭ এপ্রিল	১৯ এপ্রিল	২০ এপ্রিল	২৩ এপ্রিল	২৫ এপ্রিল
		২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ	ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত	সংখ্যা	১	৪	৩	-	-	-
		২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্থবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল	নির্ধারিত তারিখে অর্থবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত	তারিখ	১	১৫ জানুয়ারি	১৬ জানুয়ারি	১৭ জানুয়ারি	১৮ জানুয়ারি	২১ জানুয়ারি
		২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল	বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত	তারিখ	১	১৩ জুলাই	১৬ জুলাই	১৮ জুলাই	২০ জুলাই	২৩ জুলাই
কার্যশক্তি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন	৯	মাঠ পর্যায়ের কার্যালয়সমূহে কমপক্ষে একটি অনলাইন সেবা চালু করা	অনলাইন সেবা চালুকৃত	তারিখ	১	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি	২৮ ফেব্রুয়ারি	-	-
		দপ্তর/সংস্থার কমপক্ষে ১ টি সেবাপ্রক্রিয়া সংস্কারকৃত	সেবাপ্রক্রিয়া সংস্কারকৃত	তারিখ	১	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি	২৮ ফেব্রুয়ারি	১৫ মার্চ	-
		উগ্রাবনী উদ্যোগ ও দ্রুত উন্নয়ন প্রকল্প (এসআইপি) বাস্তবায়ন	উগ্রাবনী উদ্যোগ বাস্তবায়িত	তারিখ	১	৪ জানুয়ারি	১১ জানুয়ারি	১৮ জানুয়ারি	২৫ জানুয়ারি	৩১ জানুয়ারি
			এসআইপি বাস্তবায়িত	%	১	২৫				
		পিআরএল শুরুর ২ মাস শুরুর নব্বইটি কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়ন যুগপৎ জারি নিশ্চিতকরণ	সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়ন পত্র যুগপৎ জারিকৃত	%	১	১০০	৯০	৮০	-	
		সিটিজেনস চার্টার অনুযায়ী সেবা প্রদান	প্রকাশিত সিটিজেনস চার্টার অনুযায়ী সেবা প্রদানকৃত	%	১	১০০	৯০	৮০	৭০	৬০
		অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন	নিশ্চিতকৃত অভিযোগ	%	১	৯০	৮০	৭০	৬০	
		সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (waiting room) এর ব্যবস্থা করা	নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত	তারিখ	১	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি	২৮ ফেব্রুয়ারি	-	-
সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের সভামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা	সেবাগ্রহীতাদের সক্রিয় পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত	তারিখ	১	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি	২৮ ফেব্রুয়ারি	-	-		

১১/৬

*[Handwritten Signature]*



কলাম-১ কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কলাম-২ কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives)	কলাম-৩ কার্যক্রম (Activities)	কলাম-৪ কর্মসম্পাদন সূচক (Performance Indicator)	একক (Unit)	কলাম-৫ কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI)	কলাম-৬ লক্ষ্যমানের মান -২০১৭-১৮ (Target Value -2017-18)				
						অসাধারণ (Excellent)	অতি উত্তম (Very Good)	উত্তম (Good)	চলতি মান (Fair)	চলতিমানের নিম্নে (Poor)
						১০০%	৯০%	৮০%	৭০%	৬০%
দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন	৪	সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন	প্রশিক্ষণের সময়	জনকণ্টা	২	৬০	৫৫	৫০	৪৫	৪০
		জাতীয় শূন্যচারণ কৌশল বাস্তবায়ন	২০১৭-১৮ অর্থবছরের শূন্যচারণ বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত	তারিখ	১	১৬ জুলাই	৩১ জুলাই	-	-	-
			নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত	সংখ্যা	১	৪	৩	-	-	-
তথ্য জমিকার বাস্তবায়ন জোরদারকরণ	১	তথ্য বাস্তবায়ন হালনাগাদকরণ	তথ্য বাস্তবায়ন হালনাগাদকৃত	%	৫	৮০	৭০	৬০	-	
		স্বপ্ররোচিত তথ্য প্রকাশিত	স্বপ্ররোচিত তথ্য প্রকাশিত	%	৫	১০০	৯০	৮৫	৮০	৭৫
জাতিসংঘ ব্যবস্থাপনার উন্নয়ন	২	জিডিআপ প্রতি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন	জিডিআপ প্রতি নিষ্পত্তিকৃত	%	২	৫০	৪৫	৪০	৩৫	৩০

১৫/৬

*[Handwritten Signature]*

৬০ খণ্ড প্রশিক্ষণের মধ্যে অন্যান্য ২০খণ্ড সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ অন্তর্ভুক্ত থাকবে।


আমি, সভাপতি, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪, সচিব, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড - এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সভাপতি, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ - এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষর:

স্বাক্ষরিত:


তারিখঃ ১৫/০৬/২০১৭খ্রিঃ




.....  
এ এস এম গিয়াস উদ্দিন  
(এ এস এম গিয়াস উদ্দিন) জেনারেল ম্যানেজার  
কুমিল্লা পবিস-৪  
জেনারেল ম্যানেজার  
কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪



.....সভাপতি; সমিতি বোর্ড, কুমিল্লা পবিস-৪  
(মোঃ মাজহারুল ইসলাম)  
সভাপতি  
কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪



.....  
পরিচালক  
পবিস ব্যবস্থাপনা ও পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর  
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড  
(মোঃ শহিদুল করিম)  
উপ-পরিচালক (কেঃ অঃ)  
পরিচালক (অঃ দায়িত্ব)  
পবিস ৪ ও পঃ (কেঃ অঃ) কুমিল্লা



.....  
সচিব  
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড  
(মোঃ শহিদুল করিম)  
সচিব (বোর্ড)  
সচিব (অঃ দায়িত্ব), বাপাবোর্ড